

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১০৩৮

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ ওযু করে সালাত আদায়কারী ব্যক্তিকে মহান আল্লাহ দুই সালাতের মধ্যবর্তী সময়ের জন্য ক্ষমা করে দেন

ذَكَرُ مَغْفِرَةَ اللَّهِ جَلَّ وَعَلَا مَا بَيْنَ الصَّلَاتَيْنِ لِلْمُتَوَضِّئِ بِوَضُوئِهِ وَصَلَاتِهِ

আরবী

1038 - أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ حُمْرَانَ:

أَنَّ عُمَانَ بْنَ عَفَّانَ جَلَسَ عَلَى الْمَقَاعِدِ فَجَاءَهُ الْمُؤَدِّنُ فَأَذَنَهُ بِصَلَاةِ الْعَصْرِ فَدَعَا بِمَاءٍ فَتَوَضَّأَ ثُمَّ قَالَ: لأحدثكم حديثاً لولا آية في كتاب الله لما حدثتكموه ثم قال: سمعتُ رسولَ الله صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (مَا مِنْ أَمْرٍ يُتَوَضَّأُ فِيحْسِنُ الْوَضُوءَ ثُمَّ يُصَلِّيَ الصَّلَاةَ إِلَّا غَفَرَ اللهُ لَهُ مَا بَيْنَهُ وَبَيْنَ الصَّلَاةِ الْأُخْرَى حَتَّى يُصَلِّيَهَا) قَالَ مَالِكٌ: أَرَاهُ يُرِيدُ هَذِهِ الْآيَةَ: {أَقِمِ الصَّلَاةَ طَرَفِي النَّهَارِ وَزُلْفَا مِنْ اللَّيْلِ إِنَّ الْحَسَنَاتِ يُذْهِبْنَ السَّيِّئَاتِ ذَلِكَ ذِكْرَى لِلذَّاكِرِينَ} [هود: 114].

الراوي: حُمْرَانَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1038 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১০৩৮. হুমরান রহিমাল্লাহ বলেন, উসমান রাঈয়াল্লাহু আনহু একবার আসনে বসে আছেন, এমন সময় মুয়াযিয়ান এসে তাকে আসরের সালাতের ব্যাপারে জানান। তখন তিনি ওযুর পানি আনতে বলেন তারপর তিনি ওযু করেন অতঃপর তিনি বলেন, “অবশ্যই আমি তোমাদেরকে একটি হাদীস শুনাবো, যদি আল্লাহর কিতাবে একটি আয়াত না থাকতো, তবে আমি তা তোমাদের কাছে বর্ণনা করতাম না।” তারপর তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “কোন ব্যক্তি যদি উত্তমরূপে ওযু করে, তারপর সালাত আদায় করে, তাহলে আল্লাহ তাকে তার মাঝে এবং পরবর্তী সালাত আদায় করার মাঝে ক্ষমা করে দেন।”[1]

মালিক রহিমাল্লাহ বলেন, “আমার ধারণা আয়াতটি হলো এই **أَقِمِ الصَّلَاةَ طَرْفِي النَّهَارِ وَزُلْفًا مِنَ اللَّيْلِ إِنَّ** (আপনি সালাত প্রতিষ্ঠা করুন দিবসের দুই প্রান্তে এবং রাতের কিছু অংশে। নিশ্চয়ই ভাল কাজসমূহ মন্দ কর্মসমূহকে অবসারণ করে দেয়। এটা উপদেশ গ্রহণকারীদের জন্য উপদেশ।) (সূরা হুদ: ১১৪।)

## ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ১৫৩; মুয়াত্তা ইমাম মালিক: ১/৫১; নাসাঈ: ১/৯১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৪১; আত তায়ালিসী: ১/৪৮; মুসনাদ আহমাদ: ১/৫৭; সহীহ মুসলিম: ২২৭; বাইহাকী, মা'রেফাতুস সুনান ওয়াল আসার: ১/২২৫; সহীহ বুখারী: ১৬০; আবু দাউদ: ১০৭; ইবনু মাজাহ: ২৮৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১০৩৮।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ হুমরান ইবনু আবান (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90351>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন